সংবাদ

তারিখ JUL 12 2006

# টিভি স্কুল বিতর্ক প্রতিযোগি
# ভিকারুননিসা চ্যাম্পিয়ন

নিজস্ব বার্তা পরিবেশক

৯ম জাতীয় টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতায় ভিকারুননিসা নূন স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। রোববার রামপুরা টেলিভিশন অডিটোরিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ডিবেট ডেমোক্রেসির চেয়ারম্যান ও ন্যাশনাল ডিবেট ফেডারেশনের মডারেটর হাসান আহমেদ চ কিরণের পরিকল্পনা ও নির্দেশনায় চূড়ান্ত প্রতিযোগিতার বিষয় ছিল 'মূল্যবোধের পরিব বাংলাদেশে নারী-পুরুষের বৈষম্য দূর করতে পারে'। প্রতিযোগিতায় রানার্সআপ হয় ক্যাডেট কলেজ। 'বিশ্বায়নই পারে বাংলাদেশে অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে' শ বিতর্কে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়কে পরাজিত করে শহীদ বীর উত্তম লেফটে আনোয়ার গার্লস কলেজ তৃতীয় স্থান অধিকার করে।

ন্যাশনাল ডিবেট ফেডারেশনের চেয়ারম্যান তাজুল ইসলাম চৌধুরী তুহীন ও মহাসচিব মোস্তাফি রহমান খান চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলসহ বিজয়ী তার্কিকদের অভিনন্দন জানান। তারা বিবৃতিতে জনপ্রিয় এ প্রতিযোগিতা অনুষ্ঠান প্রচারের সময় বিকেল ৫টার পরিবর্তে সন্ধ্যা প্রচার করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

গত এক যুগেরও বেশি সময় ধরে বাংলাদেশ টেলিভিশন স্কুলের শিক্ষার্থীদের মেধা বিক গণতন্ত্রমনস্ক করার লক্ষ্যে দেশের সর্ববৃহৎ এ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে আ সেরা ৬৪টি শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে বছরব্যাপী প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। যা সপ্ত ভিত্তিতে বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত হয়ে থাকে। এই প্রতিযোগিতার মাধ্যমে দেশে শিক্ষার্থীদের গণতন্ত্রমনস্ক করে গড়ে তোলার জন্য প্রতিযোগিতার নির্দেশক হাসান আহমেদ চ কিরণ বাংলাদেশ টেলিভিশনের ভূমিকার প্রশংসা করে প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার্স দলসহ শ্রেষ্ঠ তার্কিকদের জাতীয়ভাবে স্বীকৃতি দেয়ার জন্য যত শিগগিরই সম্ভব বিজয়ীদের প্রধানমন্ত্রীর গোল্ডকাপসহ অন্যান্য পুরস্কার প্রদানে টিভি কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান।



জাতীয় টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ভিকারুননিসা নূন স্কু